

## ভোটের হিসেবে আপনার অধিকারসমূহ

প্রাথমিক নির্বাচনে ভোট প্রদান করার অধিকার আপনার আছে, যদি:

- » আপনি একজন নিবন্ধিত ভোটার হন এবং যে দল দ্বারা প্রাথমিক নির্বাচনের আয়োজন করছে আপনি সে দলের অন্তর্ভুক্ত।
- » আপনি নির্বাচনের দিনে রাত ৯ টার ভিতরে ভোট কেন্দ্রে উপস্থিত হন।

সাধারণ নির্বাচনে ভোট প্রদান করার অধিকার আপনার আছে, যদি:

- » আপনি একজন নিবন্ধিত ভোটার হন।
- » আপনি নির্বাচনের দিনে রাত ৯ টার ভিতরে ভোট কেন্দ্রে উপস্থিত হন।

যে কোনো নির্বাচনে আপনার অধিকার আছে:

- » যদি ভোট প্রদানে সহায়তার প্রয়োজন হয় তাহলে আপনার পছন্দসই (আপনার নিয়োগকর্তা বা ইউনিয়ন প্রতিনিধি ছাড়া) একজন প্রশিক্ষিত ভোট কর্মীসহ যে কোনো ব্যক্তির সাহায্য গ্রহণ করতে পারেন। যদি দোভাষী পরিষেবার প্রয়োজন হয়, ভোটারগণের সাহায্যার্থে BOE-র দোভাষীগণকে কিছু নির্দিষ্ট কেন্দ্রে পাওয়া যাবে। কোন ভোট কেন্দ্রে দোভাষী পরিষেবা এবং কি কি ভাষায় পাওয়া যাবে সে তথ্যসহ আরো জানার জন্য কল করুন 866-VOTE-NYC
- » কি ভাবে ভোট প্রদান করবেন তা নির্বাচনী কর্মীগণকে জিজ্ঞাসা করা।
- » ভোটিং মেশিন বিকল হওয়া সত্ত্বেও ভোট প্রদান করা।
- » আপনার ভোট কেন্দ্রে ভোটার তালিকায় আপনার নাম যদি বাদ পরে যায় তাহলে "অ্যাফিডেভিট ব্যালটের" মাধ্যমে ভোট প্রদান।

যদি আপনি আপনার ভোট কেন্দ্রে প্রথম বাবের মত ভোট প্রদান করতে আসেন তবে ভোট প্রদানের জন্য **সম্ভবত** পরিচয় পত্র দেখাতে হবে।

- » আপনি যদি পরিচয় পত্র দেখাতে না পারেন বা না চান তাহলে অ্যাফিডেভিট ব্যালটের মাধ্যমে আপনার ভোট প্রদান করার অধিকার আছে।